

📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৭৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭০২]

৪৯। যিকর, দু'আ, তাওবাহ ও ক্ষমা প্রার্থনা (كتاب الذكر والدعاء والتوبة والاستغفار)

পরিচ্ছেদঃ ১২. বেশি বেশি ক্ষমা প্রার্থনা বা ইসতিগফার (ইস্তিগফার) করা মুস্তাহাব

باب استِحْبَابِ الْإِسْتِغْفَارِ وَالْإِسْتِثْنَاءِ مِنْهُ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا غُنْدَرٌ، عَنْ شُعْبَةَ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ أَبِي، بُرْدَةَ قَالَ سَمِعْتُ الْأَعْرَجَ، وَكَانَ، مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحَدِّثُ ابْنَ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " يَا أَيُّهَا النَّاسُ تَوَبُّوا إِلَى اللَّهِ فَإِنِّي أَتُوبُ فِي الْيَوْمِ إِلَيْهِ مِائَةَ مَرَّةٍ " .

বাংলা

৬৭৫২-(৪২/...) আবু বাকর ইবনু আবু শাইবাহ (রহঃ) আবু বুরদাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবা আগার (রাযিঃ) হতে শুনেছি, তিনি ইবনু উমর (রাযিঃ) এর নিকট হাদীস বর্ণনা করতে গিয়ে বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে লোক সকল! তোমরা আল্লাহর নিকট তওবা করো। কেননা আমি আল্লাহর নিকট প্রতিদিন একশ' বার তওবা করে থাকি। (ইসলামিক ফাউন্ডেশন ৬৬১৩, ইসলামিক সেন্টার ৬৬৬৭)

English

Al-Agharr al-Muzani who was from amongst the Companions of Allah's Apostle (ﷺ) reported that Ibn 'Umar stated to him that Allah's Messenger (may peace 'be upon him) said:
O people, seek repentance from Allah. Verily, I seek repentance from Him a hundred times a day.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমী □ বর্ণনাকারীঃ আবু বুরদাহ ইবনু আবু মুসা আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=53850>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন